# বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

পঞ্চবিংশতি বর্ষ (প্রথম সংখ্যা)
জানুয়ারি ২০১৪

**পুনর্মিলন উৎসব ২০১৪**

প্রিয় সতীর্থ,

আগামী ৯ ফেব্রুয়ারি ২০১৪ (রবিবার) বিদ্যামন্দিরে সারাদিনব্যাপী পুনর্মিলন উৎসবে সপরিবারে যোগ দিতে আপনাকে সাদর আমন্ত্রণ জানাই। অনুষ্ঠানসূচী ও অন্যান্য জ্ঞাতব্য তথ্য ভেতরের পাতায় দেওয়া হ'ল।

সশ্রদ্ধ অভিনন্দন সহ—

বিদ্যামন্দির মনোজকুমার ভট্টাচার্য
২৫ ডিসেম্বর ২০১৩ *কর্মসচিব*



*"This life is short. The vanities of the world are transient. But they alone live who live for others, the rest are more dead than alive."* —Swami Vivekananda

## সম্পাদকীয়

'কেউ ভোলে না, কেউ ভোলে'—অতীতদিনের স্মৃতি রোমন্থনে একধরনের সুখাস্বাদন হয়—সেই স্মৃতি ভোলা তাই বেশ কঠিন। সময়ের ছাঁকনিতে অতীতের সমস্ত ক্লেদ নিঃশেষ হয়ে যায়—পড়ে থাকে সুখের এক অনন্য অনুভব। সেই অনুভবকে উস্‌কে দিতে—স্বজন পরিবৃত হয়ে স্মৃতির দুয়ারে হানা দিতে আমাদের দ্বারপ্রান্তে আর একটি পুনর্মিলন উৎসব। আসছে ৯ ফেব্রুয়ারি আমরা আবার সমবেত হব আমাদের ধাত্রীভূমির পবিত্র আঙিনায়।

তবে, শুধুমাত্র স্মৃতির সৌরভে আমোদিত হওয়া নয়—সেই দিনটি হোক আমাদের ঋণ স্বীকারেরও দিন। বিদ্যামন্দির আমাদের অনেক দিয়েছে—অপরিশোধ্য সেই ঋণ কিছুটা অন্তত মেটানোর দায়িত্ব আমাদের নিতে হবে। 'প্রাক্তনী সংসদ' তার নাতিদীর্ঘ অস্তিত্বের কালে সাধ্যমত এই কাজ করে চলেছে। আসুন আমরা সকলে সংসদের হাত আরো শক্ত করি। বিদ্যামন্দির আজ শিক্ষাক্ষেত্রে নতুনতর চ্যালেঞ্জের মুখোমুখি। নবীন পরিচালকমণ্ডলী উত্তরণের নতুনতর দিশার সন্ধান করছেন—স্বপ্ন দেখছেন নতুন করে। তাঁদের স্বপ্ন সাকার করতে আসুন আমরা সমবেত শপথ গ্রহণ করি। তাহলেই আমাদের পুনর্মিলন উৎসব প্রকৃত অর্থে সফল হবে।

—তপন কুমার ঘোষ, প্রধান সম্পাদক

## প্রয়াত স্বামী দীনেশানন্দজী

বিদ্যামন্দিরের ভূতপূর্ব আবাস-অধীক্ষক স্বামী দীনেশানন্দজী (রথীশ মহারাজ) বিগত ৩১ অক্টোবর তারিখে রামকৃষ্ণ মিশন সেবাপ্রতিষ্ঠানে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৯ বছর। কমবেশী প্রায় এক দশক কাল ভবন অধীক্ষক হিসেবে তিনি বিদ্যামন্দিরের সঙ্গে নিজেকে নিবিড়ভাবে সংযুক্ত রেখেছিলেন। মঠ ও মিশনের বিভিন্ন শাখাকেন্দ্রে তিনি নানা গুরুত্বপূর্ণ দায়িত্ব বহন করেছেন। দীর্ঘকাল কাজ করেছেন শ্রীরামকৃষ্ণমঠ, পুরীর অধ্যক্ষ হিসাবে। তৎকালীন প্রাক্তনীরা ভুলতে পারবে না টেবিল টেনিসে তাঁর অসাধারণ দক্ষতার কথা।

প্রাক্তনী সংসদের পক্ষ থেকে পূজ্যপাদ মহারাজের স্মৃতির উদ্দেশে আন্তরিক শ্রদ্ধা জ্ঞাপন করি।

## শোক-সংবাদ

বিদ্যামন্দিরের প্রাক্তন প্রধান-করণিক ধীরেন্দ্রনাথ চক্রবর্তী গত ১ অক্টোবর তারিখে পরলোকগমন করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল প্রায় ৯২ বছর। বিদ্যামন্দিরের অনেক প্রাক্তনীর সঙ্গে তিনি যোগাযোগ রাখতেন এবং বিদ্যামন্দিরের নানা অনুষ্ঠানে নিয়মিত আসতেন। প্রাক্তনী সংসদের পক্ষ থেকে তাঁকে সামান্য আর্থিক সহায়তার ব্যবস্থাও করা হয়। আমরা তাঁর আত্মার শান্তি কামনা করি এবং শোকাহত পরিজনদের আন্তরিক সমবেদনা জানাই।

## সংবর্ধিত রামকুমার

গত ১৫ আগস্ট বার্ষিক সাধারণ সভার দিনে প্রাক্তনী সংসদের পক্ষ থেকে সংবর্ধনা জানানো হল ১৪২০ বঙ্গাব্দে 'আনন্দ পুরস্কার'-এ সম্মানিত প্রাক্তনী (১৯৭৩-৭৬) একালের বিশিষ্ট সাহিত্যিক ডঃ রামকুমার মুখোপাধ্যায়কে। সংক্ষিপ্ত প্রারম্ভিক ভাষণে সংসদের অন্যতম সহসভাপতি তপন কুমার ঘোষ রামকুমারের সাহিত্যচর্চার আদিপর্বের কিছু প্রসঙ্গের উল্লেখ করেন। এরপর সংসদের অন্যতম পৃষ্ঠপোষক আশিস রায় রামকুমারের হাতে পুষ্পস্তবক এবং সভাপতি বিশ্বনাথ দাস স্মারক তুলে দেন।

অতঃপর আন্তরিক ভাষণে রামকুমার বললেন তাঁর নিজের কথা এবং পুরস্কৃত উপন্যাস 'ধনপতির সিংহলযাত্রা'র কথা। তিনি বলেন বিদ্যামন্দিরে থাকাকালীন কীভাবে তাঁর লেখালিখির সূচনা। বিবেকভবনের ছাত্রাবাসের জানালা থেকে দেখা বেলুড়মঠের সংক্ষিপ্ত শস্যক্ষেত্র এবং প্রকৃতিতে ঋতুপরিবর্তনের সুস্পষ্ট ইঙ্গিত কীভাবে তাঁর কল্পনার জগৎকে সমৃদ্ধ করতো—বললেন সে কথাও। তিনি আরো বললেন নিবিড় নৈকট্যে দেখা গঙ্গা তাঁর উপন্যাসে কীভাবে ঘুরে ফিরে এসেছে নদীর অনুষঙ্গ হয়ে। উপন্যাসে কথকতার বর্ণনাশৈলী, একটিও ইংরাজী শব্দ ব্যবহার না করা বা প্রায় পাঁচশতাধিক অধুনা অপ্রচলিত বাংলা শব্দের ব্যবহার মধ্যযুগের উজ্জ্বল উদ্ধারে তাঁর সচেতন প্রয়াস। রামকুমারের এই শিকড়ের সন্ধান আমাদের আপ্লুত করে—বিশেষত আত্মবিস্মৃতিই যখন বাঙালির প্রধান বৈশিষ্ট্য হতে চলেছে।

## সম্মানিত প্রাক্তনী

১৯৬১-৬৪-র প্রাক্তনী গণিতের স্বনামধন্য অধ্যাপক জগদীশ চন্দ্র মিশ্র ইন্ডিয়ান ন্যাশনাল আকাদেমি অফ ইঞ্জিনিয়ারিং, নয়াদিল্লী-র পক্ষ থেকে সম্প্রতি 'আউটস্ট্যান্ডিং টিচার অ্যাওয়ার্ড'-২০১৩ সম্মানে ভূষিত হয়েছেন। এই সম্মান তাঁকে দেওয়া হয়েছে তাঁর Sustained Excellence with Ethics-এর স্বীকৃতিতে। প্রাক্তনী সংসদের পক্ষ থেকে অধ্যাপক মিশ্রকে আন্তরিক অভিনন্দন।

## অভিনন্দন ইন্দ্রজিৎ

আমরা আনন্দিত ও গর্বিত যে বিদ্যামন্দিরের ৭২-৭৫-এর প্রাক্তনী শ্রী ইন্দ্রজিৎ চট্টোপাধ্যায় গত ১.১০.২০১৩-তে কলকাতা হাইকোর্টের বিচারপতি নিযুক্ত হয়েছেন। তার আগে তিনি রাজ্যের বিচারবিভাগে হাওড়া ডিস্ট্রিক্ট জজ, সিটি সিভিল কোর্টের জজ, কলকাতা হাইকোর্টের রেজিস্ট্রার, সিটি সেশন কোর্টের চীফ্ জজ ইত্যাদি গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত ছিলেন। শ্রী চট্টোপাধ্যায়কে হার্দিক অভিনন্দন।

# News from the Vidyamandira
## (June to November 2013)

**Seminars & Workshops :** A list of some of the important seminars, special lectures and workshops organised in Vidyamandira during the period under consideration is given below for reference :

| Date | Topic | Speaker |
|---|---|---|
| 05.07.13 | *Swamijir Sikshachinta* | Swami Suhitananda, General Secretary, Ramakrishna Math and Ramakrishna Mission. |
| 27.07.13 | Modern Air Warfare : a multimedia presentation | Swami Sarvapriyananda, Acharyya, Brahmachari Training Centre, Belurmath |
| 03.08.13 | *Bharatiya Sahityer Oitihya* (Swami Tejasananda Memorial Lecture) | Dr. Ramkumar Mukherjee, Adhyaksha, Granthan Bibhag, Viswa Bharati. |
| 02.08.13 03.08.13 | Special Drama Workshop for Bengali Honours students | Prof. Soumitra Basu & Prof. Gautam Mukhopadhyay, Drama Department, R.B.U. |
| 15.08.13 | *Bhagini Nivedita* (Rani Rasmoni Memorial Lecture) | Swami Suvirananda, Asst. Secretary, Ramakrishna Math and Ramakrishna Mission. |
| 16.08.13 | Recent Trends of Study in Low Temperature in condensed Matter. | Dr. Rudrasekhar Manna, Post-Doctoral Research Associate, Goeth University, Germany. |
| 26.08.13 | Thermodynamics Revisited | Prof. S. Bagchi, Emeritus Professor, Presidency University. |
| 14.09.13 | Flood Relief in Uttarakhand : a multimedia presentation | Br. Prasanta & Br. Dipta. |

**Eco Club in Vidyamandira :** The NSS wing of the College has come up with an Eco Club under the leadership of Br. Ajara Chaitanya (an alumnus). In the initial phase, activities of the club would primarily be confined to maintaining the college garden, horticultural activities, planting new saplings, etc.

**Inauguration of Brahmananda Book Bank :** This book bank started its function to provide text books, writing materials, exercise books, etc. to the needy school students of the locality. On 27.07.13 the Book Bank began its activity giving these materials to 15 students of Belur Girl's High School.

**Blood Donation :** Two blood donation camps were organised on 22.09.13. One hundred students donated blood to Hemophilia Society Blood Bank at 11a.m. Eighty four students donated blood to the Blood Bank of NRS Medical College, Kolkata.

**Swami Vivekananda Research Centre :** The Syndicate of the Calcutta University on the basis of recommendation of an inspection team granted permission for opening of Swami Vivekananda Research Centre at the College. The centre has been allowed to run Ph. D. courses and other researches in Vidyamanira, vide resolution dated 23.08.13.

**Introduction of new courses :** The Syndicate of the Calcutta University, vide resolution dated 23.8.13, has also allowed permission for introduction of the following new courses in Vidyamandira :

i) P. G. Course in Philosophy (formally introduced on 5.8.13 through an inaugural function)

ii) Certificate Course in Photography (formally introduced on 6.7.13 by the renowned photographer Sri Nemai Ghosh), and

iii) Certificate Course in blood donation and motivation.

**Chrysalis**—an exhibition of photography by the participants of 1st certificate course on Photography in Vidyamandira was organised at Gaganendra Pradarshasala from 19th November to 21st November. The exhibition was highly appreciated.

***'Swapnangan'* : a new venture of the students :** The students of Vidyamandira has initiated a scheme—*Swapnangan*—to help underpreviledged students of rural and suburb areas of West Bengal. The first project undertaken by the team was launched this Puja by distributing food and clothing among one hundred primary school students of 'Kalitala'—one of the Aila-affected villages of Sundarbans.

We feel glad to mention in this context that the NSS unit of our college has been adjudged "Best Unit" of the session 2012-13 by the University of Calcutta :

**Uttarakhand Relief Fund :** Students of the Vidyamandira have contributed Rs. 24,240 to the fund. Contribution of the teachers to the fund was Rs.64,500. Two of the monastic members of the Vidyamandira (both are alumni, incidentally) directly participated in relief works.


**Retirement News :** Sri Saroj Maity, one of the kitchen staffs has retired on 5.9.13 after serving the hostel for long thirty five years.

**Student's Visit to Academic Institutions :** During the period under review, following academic visits were conducted :


- Physics Honours students of 2nd and 3rd yr. visited Saha Institute of Neuclear Physics on 7.8.13
- Industrial Chemistry students of 2nd yr. visited VECC on 30.8.13
- Applied Chemistry M Sc. students of 2nd yr. visited Haldia Petrochemicals on 20.9.13
- 1st and 2nd yr. Electronics General Course students visited Simoco Telecommunication on 16.9.13.

**Excursions :** The following table gives details in this respect :

| Department | Duration | Destination Academic Programme |
|---|---|---|
| Computer Science | 9th to 13th Aug | North Bengal (Dooars) |
| Mathematics | 22nd to 29th Aug | Lucknow & Benaras : Seminar at B. H. U. |
| Chemistry | 27th to 31st Aug | Vizag |
| Sanskrit | 28th Aug. to 1st Sept | Benaras; Seminar at Sampurnananda Sanskrit University |
| History | 31 Aug to 2nd Sept | Konark, Puri |
| Physics | 24th Aug to 29th Aug | Cherapunjee-Shillong |
| Microbiology | 25th Aug to 29th Aug | Deoghar |



রানী রাসমনি স্মারক বক্তৃতার আগে স্বামী সুবীরানন্দজীর সম্বর্ধনা




প্রাক্তনী সংসদের সম্বর্ধনার উত্তরে আনন্দ পুরস্কার প্রাপক রামকুমার মুখোপাধ্যায়

**NAAC Visit :** NAAC peer team visited Vidyamandira during 3-5 October. The team consisted of Dr A.K. Pujari, former V. C., Sambalpur University (Chairman), Dr. R. G. Sonkawade, former Professor and Dean, School of Physical Sciences, Babasaheb Bhimrao Ambedkar University, Lucknow, (Member Co-ordinator) and Dr. Anjali Gupta, Principal, Vidyabati Mukund Lal Girl's College, Ghaziabad. During the visit, the team made extensive investigation regarding the faculty, infrastructure, support service and various other academic and extra-academic aspects of the Vidyamandira. On 5th October morning the report was handed over to the Principal in the 'exit meeting'. Team-Vidyamandira had put up sincere efforts to make the visit successful.

**On November 1, much awaited good news came from the NAAC authority : Vidyamandira has been awarded 'A' grade—the highest grade under the present system of evaluation.**



শারদোৎসবে সঙ্গীত পরিবেশন করছেন ছাত্রেরা



শারদোৎসবে ছাত্রদের নাট্যানুষ্ঠান



শারদোৎসবে অধ্যাপকদের নাট্যানুষ্ঠান



'ন্যাক' টীমের সদস্যরা কলেজের প্রবেশপথে



রসায়ন বিভাগে পরিদর্শনরত 'ন্যাক' টীম



পরিদর্শন অন্তে প্রতিবেদন হস্তান্তর



ভ্রাতৃবরণ

## ব্যতিক্রমী

বিদ্যামন্দিরের ১৯৬৫-৬৮ শিক্ষাবর্ষের সাম্মানিক অর্থনীতির প্রাক্তনী আশিস বন্দ্যোপাধ্যায় বেঙ্গল ইঞ্জিনীয়ারিং অ্যাণ্ড সায়েন্স ইউনিভার্সিটি, শিবপুর থেকে 'ডক্টর অফ্ ফিলোসফি' ডিগ্রি-তে ভূষিত হয়েছেন সম্প্রতি। তাঁর গবেষণার বিষয় ছিল 'Study of Health Insurance in India.' কর্মজীবনে U.B.I, ডানলপ ইণ্ডিয়া, National Insurance, Jayashree Tea, DPSC Ltd. ইত্যাদির মত সংস্থায় দায়িত্বশীল পদে থেকেও গবেষণার প্রতি তিনি তাঁর আগ্রহ হারান নি। অবসরোত্তর সময়ে তাঁর এই সম্মানপ্রাপ্তি নানা অর্থে ব্যতিক্রমী এবং সেকারণেই আমাদের বিশেষ সাধুবাদ আশিস বন্দ্যোপাধ্যায়কে!

## সাবাস্ 'সোহম্'

বিদ্যামন্দির থেকে সেবাদর্শে অনুপ্রাণিত হয়ে অনেক প্রাক্তনীই পরবর্তীকালে সেবাব্রতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছেন—কখনও ব্যক্তিগতভাবে, কখনও বা কোন সংস্থা গঠন করে। তেমনই একটি সংস্থা 'সোহম' (Soham : A philanthropic organisation) বিগত ২০০৮ থেকে পশ্চিম মেদিনীপুরের কয়েকটি প্রত্যন্ত গ্রামে নানারকমের সেবাকাজ চালিয়ে যাচ্ছে প্রাক্তনী সংসদের উদ্যমী সদস্য গৌতম মুখোপাধ্যায়ের নেতৃত্বে। দরিদ্র গ্রামবাসীদের মধ্যে ঔষধপত্র বিতরণ ও স্বাস্থ্য সচেতনতার প্রচার, শিক্ষক প্রশিক্ষণ, শিক্ষাসামগ্রী বিতরণ এবং দরিদ্র ও মেধাবী ছাত্রদের আর্থিক সহায়তা দান, স্বামী বিবেকানন্দের ভাবধারা প্রচার, সাধ্যমত ত্রাণ সহায়তা ইত্যাদি 'সোহম্'-এর নানাবিধ সেবাকাজের কিছু উদাহরণ। এই শুভ উদ্যোগে 'সোহম্' পাশে পেয়েছে বিদ্যামন্দিরের প্রাক্তনীসহ মঠ ও মিশনের কয়েকজন বরিষ্ঠ সন্ন্যাসীকে।

'সোহম্'-এর প্রচেষ্টা সফল হোক এবং অন্যদের সেবাকাজে অনুপ্রাণিত করুক—এই আমাদের প্রার্থনা ও শুভেচ্ছা।

## স্বপ্নাঙ্গন ঃ একটি শুভ সূচনা

বিদ্যামন্দিরের মুখ্যত তৃতীয় বর্ষের কিছু ছাত্র 'স্বপ্নাঙ্গন' নামে একটি অনন্যপূর্ব প্রকল্পের শুভ সূচনা করেছে অতি-সম্প্রতি। সমাজের পিছিয়ে পড়া অংশের দরিদ্র ও মেধাবী ছাত্রদের সহায়তার লক্ষ্যে তারা নিজেদের উদ্যোগে প্রায় ৩৭,০০০ টাকা সংগ্রহ করে শারদোৎসবের পুণ্যলগ্নে পোষাকপত্র ও খাবার দাবার বিতরণ করেছে প্রত্যন্ত সুন্দরবনের আয়লা-অধ্যুষিত 'কালিতলা' গ্রামে। শতাধিক ছাত্রকে তারা এইভাবে সাহায্য করেছে। তাদের এই উদ্যোগ দীর্ঘজীবী হোক্—এই প্রার্থনা।

## বিশেষ আবেদন

রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির সম্প্রতি কলকাতা বিশ্ববিদ্যালয়ের কাছ থেকে 'স্বামী বিবেকানন্দ রিসার্চ সেন্টার' চালু করার অনুমতি লাভ করেছে। এর ফলে বিদ্যামন্দিরে 'PhD' কোর্স চালু করা সম্ভব হচ্ছে। এছাড়াও অন্যান্য গবেষণা করার জন্যেও এই রিসার্চ সেন্টার কাজ করবে। এই রিসার্চ সেন্টার ছাড়াও বিদ্যামন্দিরের অন্যান্য কয়েকটি প্রকল্পের জন্যেও অর্থের (Corpus Fund) প্রয়োজন। নীচে এই সমস্ত প্রকল্প খাতে বিদ্যামন্দিরের পক্ষ থেকে একটি আবেদন জানানো হচ্ছে সমস্ত প্রাক্তনীদের কাছে। উল্লেখ্য যে, সব কটি খাতেই একটি কর্পাস ফাণ্ড তৈরী করা হবে ঃ

১) রিসার্চ সেন্টারর জন্যে ২ কোটি টাকা

২) স্কলারশিপ খাতে ১ কোটি টাকা

৩) বিবেকানন্দ সম্মেলন খাতে ২০ লক্ষ টাকা

৪) বিদ্যামন্দিরের ছাত্রাবাসগুলি মেরামতির জন্যে ২ কোটি টাকা

প্রাক্তনীদের কাছে আমাদের অনুরোধ বিদ্যামন্দিরের এই প্রয়োজনগুলির নিরিখে আপনারা এগিয়ে আসুন। বিশদ যোগাযোগের জন্যে বিদ্যামন্দিরের অধ্যক্ষ মহারাজ এবং উপাধ্যক্ষ মহারাজের সঙ্গে যোগাযোগ করতে পারেন।

দূরভাষ ঃ ৯৪৩২০৯০৮৮৯ (অধ্যক্ষ মহারাজ), ৯৮৩১৫৬৬৩০৫ (উপাধ্যক্ষ মহারাজ)

**কর্মসচিব, প্রাক্তনী সংসদ**

# প্রাক্তনী সংসদ সমাচার

'এই জগতের দুঃখ দূর করতে আমায় যদি হাজার হাজার বারও জন্ম নিতে হয় তাও নেব। তাতে যদি কারও এতটুকু দুঃখ দূর হয় ত তা করব।'—স্বামীজীর এই বাণী অনুসরণ করে প্রাক্তনী সংসদ বিদ্যামন্দিরের মধ্যে ও বাইরে তাদের সীমিত সামর্থ্যের মধ্যে বিভিন্ন প্রকল্পের সাহায্যে তাদের কর্মকাণ্ডের প্রসার ঘটাচ্ছে।

**স্বাস্থ্য প্রকল্প** : বেলুড় শ্রমজীবী হাসপাতালের সক্রিয় সহযোগিতায় প্রাক্তনী সংসদের স্বাস্থ্য প্রকল্পটি বেশ সাফল্যের সঙ্গে এগিয়ে চলেছে। জুলাই, ২০১৩ এ প্রকাশিত প্রাক্তনীবার্তার পর থেকে এই প্রতিবেদন লেখা পর্যন্ত মোট ১৫ জন রোগীকে ৭৫০০ টাকা সাহায্য দেওয়া সম্ভব হয়েছে। এছাড়া বিদ্যামন্দিরের বর্তমান ২ জন ছাত্রকে মোট ২৭০০ টাকা চিকিৎসার জন্য দেওয়া সম্ভব হয়েছে।

**ছাত্রবৃত্তি প্রকল্প** : এই প্রকল্পে ১৯৬৮-১৯৭১ বর্ষের প্রাক্তনীরা গত ১৫ আগস্ট, ২০১৩ তারিখে আরও ১,৫২,২০০ টাকা সংসদের হাতে তুলে দিয়েছেন। এখনও পর্যন্ত তাঁরা মোট ২১,১৯,৭০৩ টাকা এই প্রকল্পে সংসদকে দিয়েছেন। এছাড়া ১৯৭৬-১৯৭৯, ১৯৮৯-১৯৯২, ২০০২-২০০৫, ২০০৬-২০০৯, ২০০৫-২০০৮ শিক্ষাবর্ষের প্রাক্তনীরা এবং ব্যক্তিগতভাবে অন্যান্য প্রাক্তনীরাও এই প্রকল্পে নীরবে তাঁদের সাহায্যের হাত প্রসারিত করেছেন। এঁদের সকলকে সংসদের পক্ষ থেকে অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

**স্মারক বক্তৃতা** : গত ১৫ আগস্ট, ২০১৩ তারিখে বিদ্যামন্দিরের আশাজ্যোতি কনফারেন্স হলে রানী রাসমনি স্মারক বক্তৃতার আয়োজন করা হয়েছিল। এবারে বক্তব্য রাখেন রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের সহসম্পাদক পূজ্যপাদ স্বামী সুবীরানন্দজী মহারাজ। তাঁর বক্তৃতার বিষয় ছিল : **ভগিনী নিবেদিতা।** মহারাজের তথ্যসমৃদ্ধ মনোজ্ঞ বক্তৃতা সকলকে মুগ্ধ করে।

এছাড়া গত ২ আগস্ট, ২০১৩ তারিখে সংসদ কর্তৃক বিবেকানন্দ সভাগৃহে স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতার আয়োজন করা হয়। এবারের অনুষ্ঠানে বক্তা হিসাবে ছিলেন বিশ্বভারতীর গ্রন্থন বিভাগের অধ্যক্ষ রামকুমার মুখোপাধ্যায়। তাঁর বক্তৃতার বিষয় ছিল : **ভারতীয় সাহিত্যের ঐতিহ্য।** তাঁর বক্তৃতাও সকলকে আকৃষ্ট করে।

**বার্ষিক সাধারণ সভা** : গত ১৫ আগস্ট তারিখে প্রাক্তনী সংসদের ২৬ তম বার্ষিক সাধারণ সভার আয়োজন করা হয়েছিল। সভায় সভাপতিত্ব করেন সংসদ সভাপতি শ্রী বিশ্বনাথ দাস। সংসদ সম্পাদক শ্রী মনোজ কুমার ভট্টাচার্য্য ২০১২-২০১৩ আর্থিক বছরের কর্মধারার বিস্তারিত প্রতিবেদন পেশ করেন। সংসদ কোষাধ্যক্ষ শ্রী শুভজিৎ দত্ত ২০১২-২০১৩ অর্থবর্ষের সংসদের আয়-ব্যয়ের পরীক্ষিত হিসাব সভায় পেশ করেন। সংক্ষিপ্ত আলোচনার পর সংসদের বার্ষিক প্রতিবেদন ও পরীক্ষিত আয়-ব্যয়ের হিসাব সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। এর পর প্রাক্তনী শ্রী তুলসীদাস বন্দ্যোপাধ্যায় 'আচার্য্য ঋণ স্বীকার প্রকল্পে' বিগত বছরের মতো এ বছরেও তাঁর ব্যাচমেট ও অন্যান্য প্রাক্তনীদের থেকে সংগৃহীত আর্থিক অনুদান বিদ্যামন্দিরের অধ্যক্ষ মহারাজ স্বামী শাস্ত্রজ্ঞানন্দজীর হাতে তুলে দেন।

**যুব-সম্মেলন** : গত ১৫ সেপ্টেম্বর, ২০১৩ তারিখে স্বামীজীর সার্ধশততম জন্মোৎসব উপলক্ষ্যে প্রাক্তনী সংসদ, বিদ্যামন্দির ও রামকৃষ্ণ মিশন সারদাপীঠের যৌথ উদ্যোগে একটি অর্ধদিবস যুব-সম্মেলনের আয়োজন করা হয়েছিল। এই সম্মেলনে বিদ্যালয় ও অন্যান্য সংস্থা মিলিয়ে মোট ১৫ টি প্রতিষ্ঠানের ৫০০ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে। সারদাপীঠের সম্পাদক পূজ্যপাদ স্বামী দিব্যানন্দজী মহারাজ এই অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন। এ ছাড়া ব্রহ্মচারী বিশ্বপতিচৈতন্য, বিদ্যামন্দির, স্বামী চন্দ্রকান্তানন্দ, রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অব্ কালচার, ডঃ ধীমান গাঙ্গুলী, প্রাক্তনী ও বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিরা সভায় স্বামীজী সম্বন্ধে ভাষণ দেন। অন্তিম পর্যায়ে রামকৃষ্ণ মিশন জনশিক্ষামন্দিরের ছাত্রবৃন্দের যোগাসন প্রদর্শনী, প্রাক্তনী সংসদ সম্পাদকের ধন্যবাদজ্ঞাপন ও বিদ্যামন্দিরের বর্তমান ছাত্রবৃন্দের সমাপ্তি সঙ্গীত দিয়ে সম্মেলনের সমাপ্তি ঘটে।

**স্বামী তেজসানন্দ স্মারক ক্যুইজ প্রতিযোগিতা** : ২০১৩-১৪ শিক্ষাবর্ষের অন্তঃকলেজ ক্যুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হ'ল গত ২৮ সেপ্টেম্বর, ২০১৩ তারিখে। এই প্রতিযোগিতায় মোট ৩৫ টি কলেজের টিম অংশগ্রহণ করেছে। রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির ও রামকৃষ্ণ মিশন রেসিডেনসিয়াল কলেজ, নরেন্দ্রপুর এর ছাত্রেরা এই প্রতিযোগিতায় যুগ্মবিজয়ী হয়েছে এবং রহড়া রামকৃষ্ণ মিশন ব্রহ্মানন্দ কলেজ অব এডুকেশনের ছাত্রবৃন্দ রানার্স হয়েছে। এই প্রতিযোগিতায় অংশগ্রহণকারী সকল প্রতিযোগীকে শংসাপত্র ও কিছু বই উপহার দেওয়া হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, চ্যাম্পিয়ান দলকে **দেবেন্দ্র দত্ত-শিবরানী দত্ত স্মৃতি** পুরস্কারটি দিয়েছেন প্রাক্তনী গোপীনাথ দত্ত (১৯ ৬৪-৬৭) এবং রানার্স দলের জন্য **বিক্রমজিৎ-নীলিমা বক্সী** স্মৃতি পুরস্কারটি দিয়েছেন প্রাক্তনী শ্রী জয়জিৎ বক্সী (১৯৫৫-৫৭)।

**পুনর্মিলন উৎসব** : আগামী ৯ ফেব্রুয়ারী, ২০১৪ তারিখে বিদ্যামন্দিরে অনুষ্ঠিতব্য ২৩ তম পুনর্মিলন উৎসবের প্রস্তুতি চলছে। এর বিস্তারিত বিবরণ পৃথক একটি প্রতিবেদনে দেওয়া আছে। এই উৎসবে সকলের সহযোগিতা বিশেষভাবে কাম্য।

**বিবেকানন্দ সম্মেলন** : ২০১৩-২০১৪ বর্ষের বিবেকানন্দ সম্মেলন নদীয়া জেলায় করার জন্য চিন্তা-ভাবনা চলছে। পরবর্তী সময়ে বিস্তারিত জানানো হবে।

প্রাক্তনী সংসদের বিভিন্ন প্রকল্পে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত প্রত্যেক প্রাক্তনী ও শুভানুধ্যায়ীকে সংসদের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাই।

**মনোজ কুমার ভট্টাচার্য্য**, কর্মসচিব, প্রাক্তনী সংসদ

## 'আর একটি বার আয় রে সখা'—পুনর্মিলন উৎসব : ২০১৪

প্রাক্তনীদের দীর্ঘদিনের দাবী মেনে প্রতি বছর না হলেও এবার থেকে পুনর্মিলন উৎসব প্রতি এক বছরের ব্যবধানে। সেইমত আগামী ৯ ফেব্রুয়ারি ২০১৪ রবিবার বিদ্যামন্দিরে সারাদিনব্যাপী পুনর্মিলন উৎসব অনুষ্ঠিত হবে। প্রাক্তনীদের আন্তরিক আমন্ত্রণ। আমন্ত্রণ প্রাক্তনীদের পরিবার ও স্বজনবর্গকেও। এ বিষয়ে জ্ঞাতব্য তথ্যগুলি নীচে দেওয়া হল।

### অনুষ্ঠানসূচী

| | | |
|---|---|---|
| শ্রীভবন প্রার্থনাকক্ষে বিশেষ পুজো | — | সকাল ৭.০০ |
| বিদ্যামন্দির প্রাঙ্গণে পতাকা উত্তোলন | — | সকাল ৮.৩০ |
| প্রাতরাশ | — | সকাল ৮.৩০-১০.০০ |
| প্রদর্শনী ভলিবল ম্যাচ | — | সকাল ৯.০০-১০.০০ |
| সাংস্কৃতিক অনুষ্ঠান | — | বেলা ১০.৩০-১২.০০ |
| মধ্যাহ্নভোজন | — | দুপুর ১২.৩০ |
| আলোচনা সভা ও পুনর্মিলন সভা | — | দুপুর ২.৩০-৪.৩০ |
| বৈকালিক চা | — | বিকাল ৪.৩০-৪.৪৫ |
| সান্ধ্য সাংস্কৃতিক অনুষ্ঠান | — | বিকাল ৫.০০-৬.১৫ |
| সন্ধ্যারতি | — | সন্ধ্যা ৬.৩০ |

### অন্যান্য জ্ঞাতব্য :

- প্রাক্তনীদের জন্যে ধার্য অনুদান : ৩০০ টাকা
- প্রাক্তনীদের সঙ্গে আগত অতিথি এবং পরিবার পরিজনের জন্যে মাথাপিছু অনুদান : ২০০ টাকা
- ২০১২ এবং ২০১৩ সালে যাঁরা স্নাতক ও স্নাতকোত্তর পাশ করেছেন তাঁদের মাথাপিছু অনুদান : ২০০ টাকা।
- সান্ধ্য সাংস্কৃতিক অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করবেন রামকৃষ্ণ মঠ ও মিশন পরিমণ্ডলের বিশিষ্ট সন্ন্যাসী স্বামী কৃপাকরানন্দজী (দেবতোষ মহারাজ)।
- সকালের সাংস্কৃতিক অনুষ্ঠানে যোগ দিতে আগাম যোগাযোগ করুন গৌতম মুখোপাধ্যায় (৯৮৩০১৮৮৮০৫)-এর সঙ্গে।

আসুন সকলে মিলে পুনর্মিলন উৎসবকে সফল করি।



বার্ষিক সাধারণ সভায় প্রাক্তনীরা

প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমণ্ডলী

আহ্বায়ক ও প্রধান সম্পাদক ঃ তপন কুমার ঘোষ

সদস্যবৃন্দ ঃ নিত্যনিরঞ্জন কুণ্ডু, স্বামী শাস্ত্রজ্ঞানন্দ, সুশান্ত দে, শুভেন্দু মজুমদার এবং মনোজ কুমার ভট্টাচার্য (কর্মসচিব)

PRINTED MATTER

**BOOK POST**

If undelivered, please return to :
Ramakrishna Mission Vidyamandira Alumni Association, P.O. : Belur Math, Howrah, West Bengal-711202
E-mail : alumnividyamandira@gmail.com • Website : www.alumnividyamandira.in

Published by Manoj Kumar Bhattacharyya, Secretary, Ramakrishna Mission Vidyamandira Alumni Association

Printed at Soumen Traders Syndicate, Bally, Howrah, Ph. : 2654-3536